

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**  
**প্রবাসী কল্যাণ ভবন,**  
**৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইঞ্জিনিয়ারিং গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।**  
**কর্মসংস্থান ৪ শাখা**  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০৮৭.১১.০২৩.১৭

তারিখঃ ০৭-০৮-২০১৮ খ্রি।

বিষয়ঃ নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স ইউনিক ইষ্টার্ন (প্রা:) লি: (আরএল-০২১)-এর অনুকূলে সংশ্লিষ্ট দূতাবাস হতে সত্যায়নের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইরাকস্ত HDGSK JV (Hyundai Engineering & Construction, GS Engineering & Construction, SK Engineering & Construction and Hyundai Engineering)-কোম্পানিতে বিভিন্ন পদে (৩০০+৩০০)=৬০০ (ছয়শত) জন দক্ষ ও আধা-দক্ষ পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা (পুরুষ)	মাসিক বেতন (US\$)		অন্যান্য সুবিধাদি
			সর্বনিম্ন	সর্বোচ্চ	
HDGSK JV (Hyundai Engineering & Construction, GS Engineering & Construction, SK Engineering & Construction and Hyundai Engineering	Engineer	২০+২০=৪০ (চার্টেড) জন	১০০০	১৫০০	আহার, বাসান্ত, যাতায়াত এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ- ২ বছর;
	Supervisor	৩০+৩০=৬০ (ষাট) জন	৮০০	১২০০	বিমান ভাড়া- একপথ ফ্রি (চুক্তি শেষে); কর্মঘন্টা- ০৮ ঘণ্টা; বাধ্যতামূলক ওভার টাইম (তৈরিক ০২ ঘণ্টা মজুরীসহ);
	Skilled	১৪০+১৪০=২৮০ (দুইশত আশি) জন	৮৫০	৮০০	চাকুরির অন্যান্য শর্তাবলী ইরাকের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Semi-Skilled	১১০+১১০=২২০ (দুইশত বিশ) জন	৩০০	৫০০	
মোট		৬০০ (ছয়শত) জন			

**শর্তাবলী:**

- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধিকে আবশ্যিক ভাবে উপস্থিতি থাকতে হবে।
- (খ) প্রত্যেক গ্রহণে বাংলাদেশী কর্মী ইরাকে পৌছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্ত বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- (গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যোক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (ঙ) চুক্তিপত্রের কোন শর্ত লজ্জন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধা থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- (চ) কর্মীর ডিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যাব বাবদ ৮৬,৫৪৫/- (ছয়শতি হাজার পাঁচশত পঁয়তাশি) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (ছ) কর্মীদের প্রত্যেকে ইরাকের বর্তমান পরিস্থিতি সমর্পকে অবহিত হয়ে সেচ্ছায় ইরাক গমন করেছেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার ও ঘোষণাপত্র দাখিল করতে হবে।
- (জ) চাকুরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- (ঝ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- (ঝঃ) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

(ড. মাসুমা পারভাইন)

উপসচিব

ফোন: ৫৫১৩৮০৮০

sasemployment4(@probashi.gov.bd)


নং-৪৯.০০.০০০০.০৮৭.১১.০২৩.১৭ - ৩৩৩ (৭)

তারিখঃ ০৭-০৮-২০১৮

ট

অনুলিপি: (সদয় অবগতি/ কার্যার্থে):

- ০১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক। চাহিদাপত্র ও ক্ষমতাপত্র সংযুক্তকরত: নিয়োগকারীর যথার্থতা যাচাই এবং ফলো-আপ করতে নির্দেশকর্ত্তব্য অনুরোধ করা হলো। কোনো কর্মীর স্বার্থহানিসহ কোনো অনিয়ম গোচরীভূত হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও অনুরোধ জানানো হলো।  
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
০৫।  
০৬।  
০৭।
- ০৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)  
অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
০৬। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ইউনিক ইস্টার্ন (প্রাই) লিঃ, জিপি-গ ১৩, প্রগতি স্মারণী, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২।  
০৭। অফিস কপি।

  
(ড. মাসুম পুরভার)  
উপসচিব